

B.A. 5th Semester (General) 2020 (CBCS)

বাংলা (সাধারণ স্নাতক)

Course : DSE-1A

দক্ষিণ প্রান্তস্থ মান পূর্ণমানের নির্দেশক
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় : তিন ঘণ্টা

পূর্ণ মান : ৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

(উনিশ শতকের বাংলা উপন্যাস)

১) যে-কোনো ছটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

৬X৫ =৩০

- ক) ছিয়াত্তরের মন্বন্তর ও সন্ন্যাসী বিদ্রোহের কথা বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে আছে? উপন্যাসটিকে স্বদেশপ্রেমের উপন্যাস বলা যায় কি না লেখো।
- খ) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় রচিত যে-কোনো একটি উপন্যাসের বিষয়বস্তু আলোচনা করো।
- গ) ঔপন্যাসিক হিসাবে ব্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ঘ) যোগেন্দ্রচন্দ্র বসুর উপন্যাসগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) ঔপন্যাসিক ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সময়কাল উল্লেখ করে তাঁর উপন্যাস প্রতিভার পরিচয় দাও।
- চ) 'উদভ্রান্ত প্রেম' উপন্যাসটির রচয়িতা কে? উপন্যাসটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ছ) দামোদর মুখোপাধ্যায় রচিত উপন্যাসে প্রতিফলিত সমাজভাবনার পরিচয় উদ্ঘাটিত করো।
- জ) রমেশচন্দ্র দত্তের সামাজিক উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২) যে-কোনো তিনটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

৩X১০ =৩০

- ক) বঙ্কিমচন্দ্র রচিত ইতিহাস আশ্রিত রোমাঞ্চ লিখে ইতিহাস ও রোমাঞ্চ এর মেলবন্ধন কতখানি সার্থক হয়েছে বলে তুমি মনে করো?
- খ) রবীন্দ্রনাথের ইতিহাস-কাহিনি অবলম্বনে রচিত উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) "তারকনাথ গঙ্গোপাধ্যায় বঙ্কিম পরবর্তী বাংলা উপন্যাসের এক স্মরণীয় লেখক"--আলোচনা করো।
- ঘ) উনিশ শতকের বাংলা উপন্যাসের প্রাথমিক প্রয়াস কোনগুলি? এগুলির মধ্যে উপন্যাসের লক্ষণ কতখানি আছে বলে তুমি মনে করো?
- ঙ) শিবনাথ শাস্ত্রী রচিত উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

B.A. 5th Semester (General) 2020 (CBCS)

বাংলা (জেনারেল)

Course : DSE-1A (অথবা)

দক্ষিণ প্রান্তস্থ মান পূর্ণমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় : তিন ঘণ্টা

পূর্ণ মান : ৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

(উনিশ শতকের বাংলা গল্প)

১) যে-কোনো ছটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

৬X৫ =৩০

- ক) ১৮৯১এই সম ১৮৯৯-য়ের মধ্যে প্রকাশিত রবীন্দ্র ছোটোগল্পের বিশিষ্টতার পরিচয় দাও।
- খ) প্রভাতকুমারের গল্পে হাস্যরসের অফুরন্ত উৎস--আলোচনা করো।
- গ) উনিশ শতকে প্রকাশিত বাংলা গল্পের সাধারণ লক্ষণগুলি আলোচনা করো।
- ঘ) উপন্যাসের চেয়ে গল্প রচনায় ত্রৈলোক্যনাথের প্রতিভা সমধিক পরিস্ফুট হয়েছে--আলোচনা করো।
- ঙ) স্বর্ণকুমারী দেবীর 'গল্পসল্প' ও 'নব কাহিনী' এক সময় পাঠকমহলে বেশ জনপ্রিয় হয়েছিল। তাঁর গল্প-গ্রন্থের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।
- চ) তারকনাথ গঙ্গোপাধ্যায়ের রচিত গল্পগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২) যে-কোনো তিনটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

৩X১০ =৩০

- ক) প্রথম গল্প গ্রন্থ 'নবকথা' প্রকাশের পর থেকেই প্রভাতকুমার মুখোপাধ্যায় বাংলা সাহিত্যে বিশিষ্ট গল্পকার রূপে খ্যাতি অর্জন করেন--আলোচনা করো।
- খ) 'হিতবাদী'-তে প্রকাশিত রবীন্দ্রনাথের ছোটোগল্পে গ্রামীণ জনজীবন সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতার যে প্রকাশ দেখতে পাওয়া যায় তা আলোচনা করো।
- গ) বাংলা গল্প রচনায় স্বর্ণকুমারী দেবীর অবদান আলোচনা করো।
- ঘ) উনিশ শতকের বাংলা গল্পের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঙ) উনিশ শতকে লেখা বাংলা গল্পগুলিতে তৎকালীন সমাজের ছবি কীভাবে ফুটে উঠেছে তা উদাহরণসহ লেখো।